গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বাস্তবায়ন বিষয়ক কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মো: রাশিদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৬ অক্টোবর ২০২০ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তিনি জানান, গত ০৪-১০-২০২০ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আয়োজিত এসডিজি ট্র্যাকার বিষয়ক এক কর্মশালায় উপসচিব (কর্মসংস্থান) ও সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান) অংশগ্রহণ করেন। এ বিষয়ে সুনির্দিষ্টভাবে সচিব মহোদয়কে অবহিত করা হয়েছে। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন-কে অনুরোধ জানান।

০২। এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করছে। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের ৪ জন কর্মকর্তাকে ৫ টি ইন্ডিকেটরের বিষয়ে সুনিদিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে। কমিটির গত ০৭-০৯-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি কর্ণারে সকল গুরুত্বপূর্ণ ডকুমেন্টস আপলোড করা হয়েছে। এসডিজি কর্ণার সার্বক্ষনিক আপডেট করা হয় এ সংক্রান্ত ডকুমেন্টস সংগ্রহ করা যাবে। মন্ত্রণালয়ের ন্যায় আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকেও নিজ নিজ ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করার পরামর্শ প্রদান করা হয়। এর পরিপ্রেক্ষিতে শ্রম অধিদপ্তর ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি জানান ইতোমধ্যে তাদের ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, উক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।

০৩। এ পর্যায়ে জনাব মোঃ লুৎফুর রহমান, সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান) সভাকে অবহিত করেন যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯ টি টার্গেট এবং ২৩১ টি ইন্ডিকেটর রয়েছে। এসডিজি’র ১৬৯ টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। তাছাড়া এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানকারী হিসেবে মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৮.৮.২ ও ৮.বি.১) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৩.৯.১ ও ৮.৮.১) উল্লেখ রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের টার্গেটসমূহ অর্জনের লক্ষ্যে একটি অনুমোদিত কর্মপরিকল্পনা রয়েছে; যা এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প গ্রহণ এবং মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার সামঞ্জস্য থাকতে হবে। এ বিষয়ে এসডিজি বাস্তবায়নাধীন কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। এ পর্যায়ে উপস্থাপনার উপর বিস্তারিত আলোচনার জন্য সভাপতি সকলকে আহবান জানান। উপস্থিত সকলেই সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন।

০৪। ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে ইন্ডিকেটর ৮.৫.১-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপসচিব (মজুরী বোর্ড) জনাব শাহানা জামান সভাকে জানান যে, ওয়েল মিলস এন্ড ভেজিটেবল এবং ম্যাচ ফ্যাক্টরিতে ন্যূনতম মজুরি হার নির্ধারণের জন্য কার্যক্রম চলমান রয়েছে। এক্ষেত্রে সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান) ইন্ডিকেটর ৮.৫.১-এর বিষয়ে বলেন, ঘন্টা হিসেবে ইনকাম বৃদ্ধির করাটাই এই ইন্ডিকেটরের মূখ্য বিষয়। সে জন্য উপযুক্ত প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা প্রয়োজন। মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত প্রকল্পসমূহের সুনির্দিষ্ট অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভার পূর্বে প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া সংশ্লিষ্ট সকলকে নিয়ে কর্মশালার মাধ্যমে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা পুনরায় পর্যালোচনা করা প্রয়োজন।

০৫। উপসচিব (কর্মসংস্থান) সভাকে অবহিত করেন, এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানকারী হিসেবে মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৮.৮.২ ও

৮.বি.১) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৩.৯.১ ও ৮.৮.১)-এর ডাটা প্রদানের বিষয়ে দায়িত্ব দেওয়া হয়েছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী মহাপরিদর্শক, জনাব শেখ আসাদুজ্জামান বলেন, ইন্ডিকেটর ৩.৯.১ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট নয়। এর পরিপ্রেক্ষিতে উপসচিব (কর্মসংস্থান) বলেন, এ বিষয়ে ইতোমধ্যে ডাইফকে দায়িত্বপ্রাপ্ত করা হয়েছে। এক্ষণে এ বিষয়ে সংশ্লিষ্ট বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও স্বাস্থ্য অধিদপ্তরের সাথে সভা করা যেতে পারে। তাছাড়া তিনি আরও উল্লেখ করেন, ডাটা প্রদানের জন্য জাতিসংঘ কর্তৃক প্রণীত একটি ফরম ও একটি গাইডেন্স দেওয়া হয়েছে। এগুলো সকল বাস্তবায়নকারী কমিটির নিকট প্রেরণ করা হবে। মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৮.৮.২ ও ৮.বি.১)-এর ডাটা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়ন দেওয়া প্রয়োজন। ইন্ডিকেটর ৮.৮.২টি আইএলও সংশ্লিষ্ট হওয়ায় আই,ও শাখাকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। অপর ইন্ডিকেটর ৮.বি.১-এর বিষয়টি কর্মসংস্থান শাখা থেকে হতে পারে।

০৬। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করে রিপোর্ট রিটার্ণ এবং তথ্য উপাত্তসমূহ যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, অক্টোবর মাসে এসডিজি বাস্তবায়ন বিষয়ক এবং এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানের বিষয়ে ২টি ভিন্ন ভিন্ন কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে সচিব মহোদয়ের নির্দেশনা রয়েছে। তিনি কর্মশালা সফল করতে প্রস্তুতি গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি প্রেরিত ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক ইন্ডিকেটর ভিত্তিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয়ের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়ের ন্যায় অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে একটি এসডিজি কর্ণার স্থাপন এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টস এসডিজি কর্ণারে নিয়মিত আপলোড করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা, আইসিটি সেল; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম আপীল ট্রাইব্যুনাল, নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যান ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিল |
| ২. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম আপীল ট্রাইব্যুনাল ৩ সদস্য বিশিষ্ট একটি এসডিজি বাস্তবায়ন টিম গঠন করে মন্ত্রণালয়কে অবহিত করবে; | শ্রম আপীল ট্রাইব্যুনাল |
| ৩. | এসডিজি'র মুখ্য সমন্বয়ক-এর উপস্থিতিতে এসডিজি বাস্তবায়ন বিষয়ক একটি কর্মশালা আয়োজন করার প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৪. | এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানের বিষয়ে একটি কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৫. | এসডিজি ইন্ডিকেটর ৮.৮.২-এর বিষয়ে এসডিজি ট্র্যাকারে ডাটা সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় তথ্য/ডাটা প্রদানের জন্য এ বিষয়ে সংশ্লিষ্ট আই,ও শাখা/অধিশাখাকে দায়িত্ব প্রদান করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা |
| ৬. | এসডিজি ইন্ডিকেটর ৮.বি.১-এর বিষয়ে এসডিজি ট্র্যাকারে ডাটা সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় তথ্য/ডাটা প্রদানের জন্য এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মসংস্থান শাখা/অধিশাখাকে দায়িত্ব প্রদান করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা |
| ৭. | টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর ডাটা প্রদানের জন্য জাতিসংঘ কর্তৃক প্রণীত ফরম ও গাইডেন্স এবং ম্যাটাডাটা সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণ করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৮. | কমিটির পরবর্তী সভা আগামী ০৪ নভেম্বর ২০২০ তারিখ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় আহবান করতে হবে। | কর্মসংস্থান শাখা/অধিশাখা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৭। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: রাশিদুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.৯৯.০০২.২০.৩৫

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭
০৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

৩) চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল

৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৫) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল
৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপ-সচিব, কর্মসংস্থান অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপ-সচিব, রপ্তানীমূখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সিনিয়র সহকারি প্রধান, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) সিনিয়র সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব), আর্ন্তজাতিক সংস্থা শাখা-৩ , শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৩) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৪) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৫) সচিব, সচিব এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড

মো: লুৎফুর রহমান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা
www.mole.gov.bd

“টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)” বাস্তবায়ন বিষয়ক কমিটির ৩য় সভা

সভার তারিখ ও সময়: ০৬/১০/২০২০ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান: মন্ত্রণালয়ের সভাকক্ষ

| ক্রমিক নং | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | মোহাম্মদ আহম্মেদ আলী<br>উপসচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | 01716669768<br>dsahmmed72@gmail.com | [signature] 6/10/20 |
| ৩. | শরীফ মোঃ ফরহাদ হোসেন<br>উপসচিব,<br>কর্মসংস্থান অধিশাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | 01712-550122<br>shariffarhad@yahoo.com | [signature] |
| ৪. | মোসাঃ খাদিজা বেগম<br>উপ-পরিচালক<br>কা: প্র: প: অ: | 01978415308<br>Kbegum7444@gmail.com | [signature] 6/10/2020 |
| ৫. | নিয়ামত উল্লাহ<br>অফিস সহকারী<br>কা.প্র.প.অ: | 01681268196<br>Neyamat111@gmail.com | [signature] 6/10/20 |
| ৬. | তাসমিন হক<br>সহকারী-মহাপরিদর্শক<br>(সেফটি) DIFE | 01823435339<br>tasmin.dife@gmail.com | Tasmin<br>06.10.2020. |

| ক্রমিক নং | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৭. | মনোয়ার হোসেন<br>পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা | monuar1986<br>@gmail.com | [signature] |
| ৮. | শেখ আসাদুজ্জামান<br>AIG (?) | asadzaman.dibe<br>@gmail.com | [signature] 5/10/20. |
| ৯. | শাহানা জামান<br>উপসচিব, MoLE | szaman.dsmopa@<br>gmail.com | [signature] 5/10/2020 |
| ১০. | সুব্রত নাথ<br>সচিব, মজুরী বোর্ড | subratanath061979@gmail.com<br>01790366827 | [signature] |
| ১১. | মো: বশির আহম্মদ<br>পরিসংখ্যান সহকারী<br>নিম্নতম মজুরী বোর্ড | ~~bashir~~<br>bashirmcwb@yahoo.com | [signature]<br>05/10/2020 |
| ১২. | Tasnova Ahmed Ananna<br>Assistant Director<br>Bangladesh labour welfare foundation. | anannad2018<br>@gmail.com | Tasnova<br>05.10.2020. |
| ১৩. | এম. কে. সাজিদুল ইসলাম<br>উপ-সহকারী পরিচালক<br>কেন্দ্রীয় তহবিল | Sajedreal@gmail.<br>com | [signature]<br>05/10/2020 |
| ১৪. | এ.এম. ইয়াছিন<br>সহকারী পরিচালক (চ:দা:)<br>কেন্দ্রীয় তহবিল | [illegible]@<br>gmail.com<br>01920022669 | A.M.Yasin<br>05/10/2020 |

| ক্রমিক নং | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫. | মনিরুজ্জামান আউয়াল<br>সহকারী পরিচালক<br>কেন্দ্রীয় তহবিল | mrzzawal@gmail.com<br>01776480285 | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |
| ২১. | | | |
| ২২. | | | |